

প্রাপক: প্রধান হিসাব রক্ষক কর্মকর্তা

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সিঙ্গিএ ভবন, সেগুনবগিচা, ঢাকা।

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন, স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির-(এইচপিএমএসডিপি) "ক্লিনিক্যাল কন্ট্রোলসেশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম-(সিসিএসডিপি)" শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি-তে জিওবি খাতে বরাদ্দকৃত অর্থ হতে ৩য় কিস্তির অর্থ ছাড়া।

জনাব,

উপর্যুক্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ২৭/০৭/২০১৫ তারিখের নং-৪৫.১৭৩.০০২.০১.০০.০০১.২০১১-(৩য় খন্ড)-১৫৯ সরকারী আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী অধি আদিষ্ট হয়ে, "ক্লিনিক্যাল কন্ট্রোলসেশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম-(সিসিএসডিপি)" (কোড নং-৫-২৭৮১-৫২৯০) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে এডিপি-তে জিওবি খাতে বরাদ্দকৃত অর্থ হতে ৩য় কিস্তিতে (রাজস্ব-২১২৫.০০+মূলধন-২৫০.০০)=২৩৭৫.০০ লক্ষ (তেইশ কোটি পঁচাত্তর লক্ষ) টাকা (সিডি ভ্যুট ব্যতিত) নিম্নোক্তভাবে ছাড় করণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের নাম	প্রকল্পের নাম কোড	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	ক্লিনিক্যাল কন্ট্রোলসেশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম-(সিসিএসডিপি) (কোড নং-৫-২৭৮১-৫২৯০)	অনুমোদিত	জিওবি ৩য় কিস্তির অর্থ	২১২৫.০০	২৫০.০০	২৩৭৫.০০

তবে শর্ত থাকে যে,

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।
 - ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
 - ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাবের সাথে ১ম, ২য় ও ৩য় কিস্তিতে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে।
- এ ব্যয় বর্তমান অর্থ বছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের "ক্লিনিক্যাল কন্ট্রোলসেশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম-(সিসিএসডিপি)" (কোড নং-৫-২৭৮১-৫২৯০) হতে বহন করা হবে।
 - উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত।
 - এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত কোড/সাবকোড ভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।
 - এই আদেশ অর্থ বিভাগের ১৩/১১/২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে মন্ত্রণালয়কে প্রদত্ত ক্ষমতাবলে জারী করা হলো।

স্বাঃ

(সুশীল কুমার পাল)

সহকারী সচিব

ফোন : ৯৫৫৭১৪৪

তারিখ : ১১/০২/২০১৬ খ্রিঃ

নং-৪৫.১৭৩.০০২.০০.০০.০০১.২০১১-(৩য় খন্ড)-২৩/১(১০)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬-কাওরান বাজার, ঢাকা।
- ০২। যুগ্ম-সচিব, আর্থিক ব্যবস্থাপনা অডিট ইউনিট-(এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। লাইন ডাইরেক্টর, ক্লিনিক্যাল কন্ট্রোলসেশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম-(সিসিএসডিপি), প: প: অধি:, ৬-কাওরান বাজার, ঢাকা।
- ০৪। উপ-প্রধান-(স্বাস্থ্য), পরিকল্পনা উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৫। উপ-সচিব, বাজেট অনুবিভাগ-১ (শাখা -৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৭। অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯। যুগ্ম-সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। যুগ্ম-প্রধান-(পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(সুশীল কুমার পাল)

সহকারী সচিব

ফোন : ৯৫৫৭১৪৪

e-mail:saspi2@mohfw.gov.bd